

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট  
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬।

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.২৫.০২৩.২২. ৫২৬


তারিখ : ০১ জুন ২০২২ খ্রি.

**প্রেস রিলিজ**

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে আজ ‘অনুসন্ধানী সাংবাদিকতা’ শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব শাহিন ইসলাম, এনডিসি এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট গণমাধ্যম ব্যক্তিত্ব জনাব মনজুরুল আহসান বুলবুল। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) জনাব মো. মারুফ নাওয়াজ। বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ) এর মোট ৩৪ (চৌত্রিশ) জন সাংবাদিক এ কর্মশালায় অংশগ্রহণ করেন।

প্রধান আলোচক তার পেশাগত জীবনের অভিজ্ঞতার আলোকে অনুসন্ধানী সাংবাদিকতা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। উপস্থিত সাংবাদিকগণ তাদের নিজস্ব মতামত ব্যক্ত করেন এবং এ কর্মশালা হতে অর্জিত জ্ঞান তাদের কর্মক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

এছাড়া জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অতিরিক্ত মহাপরিচালক জনাব ফায়জুল হক, জনাব মো: নজরুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) আলোচনা করেন। কর্মশালাটিতে সমন্বয়ক হিসেবে ছিলেন সহকারি পরিচালক (টিভি প্রকৌশল প্রশিক্ষণ) জনাব মোল্লা ইফতেখার আহমেদ এবং রিপোর্টার হিসেবে দায়িত্ব পালন করেন গবেষণা কর্মকর্তা জনাব মো: ফাইম সিদ্দিকী।



আবদুল হান্নান

(গণসংযোগ কর্মকর্তা)

ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

**বিতরণ:**

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মূখ্য বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/এটিএনবাংলা/চ্যানেল আই/একুশেটিভি/এনটিভি/সময়টিভি/দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকণ্ঠ/দৈনিক প্রথম আলো/দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিকভোরের পাতা/দৈনিকসকালের খবর/দৈনিক ভোরের কাগজ/।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। কার্যালয় নথি।